চোলাই মদের কারবারি রবি হেমব্রম, আবগারি দফতরের হাত থেকে বাঁচার জন্য বাড়ির পেছনে সেপটিক ট্যাঙ্কে সব সরঞ্জাম লুকিয়ে রাখত বলে অভিযোগ। আজ সকালে ১৬ বছরের সুজন সরেন কাঁচামাল বের করতে সেখানে নামে। বিষাক্ত গ্যাসে ট্যাংকের ভিতর অসুস্থ হয়ে পড়ে সে। তাকে উদ্ধার করতে নেমে ৫৫ বছরের বদ্যিনাথ হেমব্রম ও ৪৫ বছরের বাপি বাস্কে নামে দুই ব্যক্তিও অসুস্থ হয়ে পড়েন। স্থানীয়দের প্রচেষ্টায় তিন জনকেই উদ্ধার করে ডেবরা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাদের মৃত ঘোষণা করেন।

---------------------------

রিল বানাতে গিয়ে পশ্চিম বর্ধমানের অন্ডালের ১২ নং রেল কলোনি এলাকায় এক যুবতী আজ দামোদরের জলে তলিয়ে গেছেন। জানা গেছে, জ্যোতি কুমারী, বিউটি কুমারী ও প্রিয়াঙ্কা কুমারী নামে তিন যুবতী রিল বানানোর সময়, অসাবধানতা বশতঃ প্রিয়াঙ্কা নদীতে পড়ে যান। তাঁকে বাঁচাতে জলে ঝাঁপ দেয় জ্যোতি ও বিউটি। প্রিয়ঙ্কা পাড়ে উঠে এলেও বাকী দুজন তলিয়ে যায়। স্থানীয়দের সহযোগিতায় বিউটিকে অচৈতন্য অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। জ্যোতির খোঁজে চলছে তল্লাশি।

এদিকে, গত সন্ধ্যায় পায়ে লাগা কাদা ধুতে নেমে ফুলবাড়ির মহানন্দা নদীর জলে তলিয়ে গেছেন শিলিগুড়ির রাঙ্গাপানির বাসিন্দা এক যুবক। ২৪ ঘন্টা কেটে গেলেও তাঁর সন্ধান মেলেনি।

---------------------------

কলকাতার হাতিবাগান এলাকায় বিধানসরণী ও কাশী বোস লেনের সংযোগস্থলে জল সরবরাহের জন্য মাটি খুঁড়তে গিয়ে এক মহিলার পচাগলা দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। আজ দুপুরে স্থানীয়রা দুর্গন্ধ পেয়ে পুলিশে খবর দেয়। কাশী বোস

লেনের মত ব্যস্ত জায়গায় কিভাবে দেহটি এল, তা নিয়ে প্রশ্ন উঠেছে। ময়না তদন্তের জন্য দেহটিকে পাঠানো হয়েছে।

--------------------------

বিদ্যুৎ চালিত ভোগ্য পণ্যের ব্যবহার এবং তাপবিদ্যুৎ উৎপাদন কমাতে না পারলে জলবায়ুর পরিবর্তন এর সমস্যা মোকাবিলা করা সম্ভব নয় বলে মতপোষণ করেছেন আইআইটি মুম্বাইয়ের অধ্যাপক চেতন সিং সোলাঙ্কি। বিড়লা ইন্ডাস্ট্রিয়াল এন্ড টেকনোলজিক্যাল মিউজিয়ামে আজ "জলবায়ু পরিবর্তন সম্পর্কে ধারণা এবং প্রতিরোধমূলক পদক্ষেপ" শিরোনামে বক্তব্য রাখতে গিয়ে সোলার ম্যান এবং সোলার গান্ধী হিসেবে পরিচিত এই অধ্যাপক বলেন, যেকোনো ভাবেই কার্বন নিঃসরণের মাত্রা শূন্যে নামিয়ে আনতে হবে।

বাইট ডঃ সোলাঙ্কি।

আর্থ ডে নেটওয়ার্কের সহযোগিতায় আজকের অনুষ্ঠানে কলকাতা ও জেলার অসংখ্য ছাত্র-ছাত্রী অংশ নেয়। অন্যদের সঙ্গে বক্তব্য রাখেন মিউজিয়ামে ডিরেক্টর ডঃ শুভব্রত রায় চৌধুরী।

--------------------------

নেপালি কবি ভানু ভক্ত আচার্যর জন্মবার্ষিকী উপলক্ষে রাজ্য সচিবালয় নবান্নে আজ তার ছবিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান মন্ত্রিসভার সদস্য অরূপ রায়। কবির জন্মবার্ষিকী উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও নিজের এক্স হ্যান্ডেলে তার প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

--------------------------

